

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৭৬.০৭৬.২০১৫-৬৮৩

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৩
১১ মে, ২০১৬

প্রজ্ঞাপন


যেহেতু, বেগম মরিয়ম মুস্তফা, ভাইস চেয়ারম্যান (মহিলা), নবাবগঞ্জ উপজেলা পরিষদ, ঢাকা কর্তৃক নবাবগঞ্জ উপজেলা পরিষদের গত ২৯/১১/২০১৫ তারিখে অনুষ্ঠিত ১৯তম সভার শুরুতে উপজেলা পরিষদের অফিস সহায়ক নিয়োগ অনুমোদনের বিরোধিতা করে সভায় উচ্চবাচ্য করে সভা স্থগিতকরণ, বহিরাগত সন্ত্রাসীগণ নিয়ে পরিষদের সভাকক্ষে অবৈধভাবে প্রবেশ, নারী কর্মকর্তাসহ কয়েকজন সরকারি কর্মকর্তার গায়ে হাত তুলে লাঞ্চিত করা, দরজা-জানালায় লাথি মেরে আতংক সৃষ্টিসহ সরকারি কাজ বিঘ্নিত করার বিষয়গুলো সরেজমিন তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ১৭/১২/২০১৫ এবং ১৪/০৩/২০১৬ তারিখে জারীকৃত কারণ দর্শানো নোটিশের পরিপ্রেক্ষিতে তাঁর ২৯/১২/২০১৫ এবং ২৮/০৩/২০১৬ তারিখে দাখিলকৃত জবাব সন্তোষজনক নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, তাঁর এহেন কর্মকাণ্ডে তাঁকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(গ) ধারায় অসদাচরণ ও ক্ষমতার অপব্যবহারের দোষে দোষী সাব্যস্ত করা হয়েছে, সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তাঁর স্থায়ী পদ হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) অনুসারে নবাবগঞ্জ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান বেগম মরিয়ম মুস্তফাকে নবাবগঞ্জ উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩


e-mail:lgd.upazila2@gmail.com

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৭৬.০৭৬.২০১৫-৬৮৩/১(১৩)

তারিখ : ২৮ বৈশাখ, ১৪২৩
১১ মে, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৬. জেলা প্রশাসক, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), নবাবগঞ্জ উপজেলা পরিষদ, ঢাকা।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নবাবগঞ্জ, ঢাকা।
১২. বেগম মরিয়ম মুস্তফা, ভাইস চেয়ারম্যান (মহিলা) (অপসারণকৃত) নবাবগঞ্জ উপজেলা পরিষদ, ঢাকা।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব